



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন: ০২৫৮৮৮-৪৪৯৮১

প্রেস রিলিজ

তারিখ: ২৩ এপ্রিল ২০২৫

অস্ট্রেলিয়ায় উচ্চশিক্ষা বিষয়ে সেমিনার করল পাবপ্রবি

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল ও প্রযুক্তি অনুষদের উদ্যোগে আজ বুধবার (২৩ এপ্রিল) “অপরচুনিটিজ ফর হায়ার স্টাডিজ অ্যান্ড স্কলারশিপ ইন অস্ট্রেলিয়া” বিষয়ে এক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। সেমিনারে উপস্থিত ছিলেন পাবপ্রবির উপাচার্য অধ্যাপক ড. এস এম আব্দুল-আওয়াল। কীনোট স্পিকার ছিলেন যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির অধ্যাপক, অস্ট্রেলিয়ার চার্লস স্টুয়ার্ট ইউনিভার্সিটির ডিজিটাল হেলথ অ্যান্ড আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সের পরিচালক ড. মোহাম্মদ আলী মনি। এ ছাড়াও তিনি অস্ট্রেলিয়ার কুইন্সল্যান্ড বিশ্ববিদ্যালয়ের একজন জ্যেষ্ঠ ফেলো এবং যুক্তরাজ্যের ক্যামব্রিজ বিশ্ববিদ্যালয়ের পিএইচ ডি ডিগ্রিধারী।

সেমিনারে আরও উপস্থিত ছিলেন প্রকৌশল অনুষদের ডিন অধ্যাপক ড. শেখ রাসেল আল আহমেদ, বিভিন্ন অনুষদের ডিন শিক্ষক ও শিক্ষার্থীরা। সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের গ্যালারী ২ তে সেমিনারটি অনুষ্ঠিত হয়।

উপাচার্য অধ্যাপক ড. এসএম আব্দুল-আওয়াল শিক্ষার্থীদের সেমিনারের স্পিকার (মোহাম্মদ আলী মনি)’র মতো হওয়ার জন্য উৎসাহ ও অনুপ্রেরণা প্রদান করেন। তিনি বলেন, আমাদের শিক্ষার্থীদের উচ্চশিক্ষার জন্য বিদেশে অব্যাহত সুযোগ আছে এবং এই সুযোগকে কাজে লাগাতে হবে। নিজের মধ্যে যে দক্ষতা ও পটেনশিয়ালিটি আছে, সেটি ঠিকভাবে প্রকাশ করতে হবে। বিশ্বকে দেখতে হবে এবং স্বপ্নকে বড় করতে হবে। স্বপ্নকে আঞ্চলিক পর্যায়ে না রেখে বিশ্ব পরিমন্ডলে দেখতে হবে। দেশ ও বিশ্ববিদ্যালয়ের জন্য অবদান রাখতে হবে। আরও বলেন, এখন থেকে বিদেশে উচ্চশিক্ষা নিয়ে বিশ্ববিদ্যালয়ে আরও বেশি সেমিনারের আয়োজন করা হবে।

ড. মোহাম্মদ আলী মনি অস্ট্রেলিয়ায় উচ্চশিক্ষা গ্রহণের বিষয়ে শিক্ষার্থীদের কাছে বিভিন্ন দিক তুলে ধরেন। এ ছাড়া যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্রে উচ্চশিক্ষা গ্রহণের ব্যাপারে আলোচনা করেন। তিনি স্কলারশিপ পাওয়ার ক্ষেত্রে ফান্ডিং, অ্যাপ্লিকেশন প্রসেস, পাবলিকেশনসহ নানা বিষয় দিকনির্দেশনা প্রদান করেন।

২৩.০৪.২০২৫

(মো. বাবুল হোসেন)

সহকারী পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।